

উপজেলা পরিষদ
গজারিয়া, মুন্সীগঞ্জ।

গজারিয়া উপজেলা পরিষদের জানুয়ারী, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময় : ১৩ জানুয়ারী, ২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : হাজিরা রেজিস্টার দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আলোচ্যসূচি-১ : গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টিকরণ। উপজেলা নির্বাহী অফিসার, ডিসেম্বর ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকলে তিনি সভাকে কার্যবিবরণী দৃষ্টিকরণের জন্য অনুরোধ করেন।	গজারিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃষ্টিকরণ করা হয়।	-
২	আলোচ্যসূচি-২ : বিগত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। (ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জনবল বৃদ্ধির কারণে আসবাবপত্রের বিশেষ প্রয়োজন। তাই পরিষদের গত মিটিং এ আবেদনের প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশে প্রাক্কলন প্রস্তুত করা হয়। সে প্রেক্ষিতে প্রাক্কলিত মূল্য ১,৫০,০০০/- টাকা। এছাড়া তিনি আরো বলেন যে, এ ওহমান নকদীবাড়ি হতে মিরেরগাওঁ রাস্তাটি খুবই জনগুরুত্বপূর্ণ বিধায় রাস্তাটির একপার্শ্বে ৬০ মিঃ জায়গায় খাল থাকায় এবং অতিবৃষ্টিতে দেবে যাওয়ায় রাস্তা রক্ষার্থে এবং স্কুল-কলেজের ছাত্র/ছাত্রী ও কৃষিপন্য সরবরাহের স্বার্থে উক্ত স্থানে গাইডওয়াল নির্মাণ করা খুবই জরুরী। এর প্রাক্কলিত মূল্য এসেছে ০৫ (পাঁচ) লক্ষ টাকা। তাছাড়া গত মাসের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সাব-রেজিস্টার অফিসের সামনে বয়স্ক লোকদের বসার জন্য ০১ টি ছাউনী ও বাথরুম মেরামতের প্রয়োজন। তাই উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে ০১ টি ছাউনী ও বাথরুম মেরামতের প্রাক্কলন তৈরী করা হয়। যাহার প্রাক্কলিত ব্যয় ০৭ (সাত) লক্ষ টাকা। এছাড়া তিনি আরো বলেন যে, উপজেলা পরিসংখ্যান অফিসারের আবেদনের প্রেক্ষিতে এবং উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিসংখ্যান অফিসের ভবন মেরামত বাবদ ৪,৩৫,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।	(ক) উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত ও অনুমোদন করা হয়। (খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন আনসার ভিডিপি বাসভবন নির্মাণের কার্যাদেশ প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা প্রকৌশলী

(Handwritten signature)

<p>এছাড়া তিনি আরো বলেন যে, দড়িকান্দি কলসেরকান্দি জিপিএস বাউন্ডারী ওয়াল নির্মাণ (পেকেজ নং- ২০২০-২১/২১) কাজটি ৮,৯১,৩৮৫/- টাকায় মেসার্স এইচবি এন্টারপ্রাইজ কে কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি বাস্তবায়নকালে দেখা যায় যে বাউন্ডারী ওয়াল করার মতো জায়গা না থাকায় কার্যাদেশ মূল্য ৮,৯১,৩৮৫/- টাকার মধ্যে অন্য অন্য কাজ ধরে রিকাস্ট প্রাক্কলন করা যায়। অনুমোদিত হইলে প্রাক্কলন প্রস্তুত করা যাইতে পারে এবং বাস্তবায়ন করা যাবে। টেংগারচর হতে মোল্লা বাড়ী হয়ে টেংগারচর জিপিএস ড্রেন নির্মাণ (পেকেজ নং- ২০২০-২১/১৭) কাজটি মেসার্স এইচবি এন্টারপ্রাইজ কে কার্যাদেশ প্রদান করা হয়। প্রাক্কলনে পাইপ ড্রেন ধরে করা হয়েছিল। বর্তমানে বাস্তবতায় পাইপ ড্রেন নং পরিবর্তে ইউ-ড্রেন করার জন্য রিকাস্ট প্রাক্কলন প্রস্তুত করা হয়। অনুমোদিত হইলে কাজটি বাস্তবায়ন করা যাবে। তাছাড়া আনসার ও ভিডিপি বাসভবন নির্মাণের কার্যাদেশ সংক্রান্ত ফাইল উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের নির্দেশক্রমে উপজেলা পরিষদের চেয়ারম্যান আনসার ভিডিপি বাসভবন নির্মাণের বিষয়ে সরকারি বিধি-বিধান অনুসরণ করে ফাইল প্রস্তুত করা হয়েছে কিনা উপজেলা প্রকৌশলীর কাছে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা আনসার ভিডিপি বাসভবন নির্মাণের জন্য সরকারি বিধি-বিধান অনুসরণ করেই ফাইল প্রস্তুত করে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ করাসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হচ্ছে বলে সভাকে জানান। এছাড়া তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদের ভিতরে বিআরডিবি ও দারিদ্র বিমোচন অফিসে যাওয়ার জন্য সিসি রোড করার প্রস্তাব করেন। এছাড়া উপজেলা পরিষদের কর্মচারীসহ আগত সেবাগ্রহীতাদের সুপীয়ে পানি পানের জন্য ০২ টি আরও পানির ফিল্টার ক্রয় করার জন্য প্রস্তাব করেন।</p>		
<p>(খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠান গুলো আপাতত খোলা রয়েছে। অত্র উপজেলায় কোন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এখনো করোনায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়নি। স্কুলের কনস্ট্রাকশনের কাজ গুলো দ্রুত করার জন্য সভায় অনুরোধ করেন।</p>	<p>উপজেলা প্রকৌশলী মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী</p>
<p>(গ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, ঘূর্ণিঝড় জাওয়াদের প্রভাবে পর্যাপ্ত বৃষ্টিপাতের ফলে ফসলী জমির অনেক ক্ষতি হয়েছে। এ বিষয়ে মাঠ পর্যায়ে সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে। এবং কৃষকদের কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হচ্ছে। জরুরী ভিত্তিতে আক্রান্ত ফসলী জমির পানি দ্রুত নিষ্কাশনের জন্য কৃষক পরামর্শ প্রদান করা হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকগণের সার্বক্ষণিক পাশে থেকে পরামর্শ প্রদান করা হচ্ছে। সার নিয়ে তেমন কোন সমস্যা নেই। রসুলপুরে একটি সীড স্টোর রয়েছে। সেখানে টিউবওয়েলটি নষ্ট হয়ে গেছে। তাই একটি সাব-</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে টিআর বরাদ্দ থেকে সীড স্টোরের রাস্তাটি করে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করে দেওয়ার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</p>

১৩

১৪

<p>মার্সিবল টিউবওয়েল বসানোর জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া বর্ষাকালে পানি বৃদ্ধি পেলে তাদের যাতায়াতের সমস্যা হয়। তাই রসুলপুর পাকা রাস্তা হতে সীড স্টোর পর্যন্ত একটি রাস্তা করে দেওয়ার জন্য অনুরোধ করেন।</p>		
<p>(ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, সাধারণ টিআর/কাবিখার বরাদ্দের কাজ নির্বাচনের কারনে সম্পন্ন করতে পারি নাই। বাউশিয়াতে মুজিববর্ষ ঘরের জন্য ১০ লক্ষ টাকা বালু ফেলা হয়েছে। সেখানে আরো কমপক্ষে ১৫-১৮ লক্ষ টাকার বালু প্রয়োজন। আগামী ২০ ই মার্চ ২০২২ এর মধ্যে গৃহের নির্মাণ কাজ শেষ করার নির্দেশনা রয়েছে। দ্রুত বালু ফেলার ব্যবস্থা না করা গেলে নির্দিষ্ট সময়ের মধ্যে গৃহ নির্মাণ করা সম্ভব নয়। সুতরাং উক্ত স্থানে দ্রুত বালু ভরাতের ব্যবস্থা গ্রহণ করা জরুরী প্রয়োজন বলে সভাকে জানান। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান বলেন যে, টিআর/কাবিখা, ১% হতে, ইউনিয়ন পরিষদ হতে, উপজেলা পরিষদ ও জেলা প্রশাসক মহোদয়সহ কোন কোন প্রতিষ্ঠান থেকে কি পরিমান বরাদ্দ ও কাজ করা হইয়াছে। তাই সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন দেওয়ার পর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাকে জানান।</p>	<p>মুজিববর্ষ গৃহের জন্য পূর্বে টিআর/কাবিখা, ১%, ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ ও জেলা প্রশাসক মহোদয়সহ কোন কোন প্রতিষ্ঠান থেকে কি পরিমান বরাদ্দ ও কাজ করানো হয়েছে তার সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে দেওয়ার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</p>
<p>(ঙ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা পর্যায়ে কর্মরত মহিলাদের জন্য এবং বহিরাগত মহিলাদের জন্য টয়লেট এবং নামাযের ব্যবস্থা না থাকায় তাদের নানারূপ সমস্যার সম্মুখীন হতে হয়। উপজেলা প্রশাসনিক ভবনের নীচতলার পূর্ব পার্শ্বের টয়লেট টি ব্যবহার অনুপযোগী হওয়ায় সমস্যা আরো তীব্র হয়েছে। কিছু কল পরিবর্তন ও রিজার্ভ ট্যাংক স্থাপন এর মাধ্যমে টয়লেট টি ব্যবহার উপযোগী করার এবং পরিষদের ফান্ড হতে মহিলাদের জন্য টয়লেট ও নামাযের স্থান এর ব্যবস্থা করার প্রস্তাব করেন এবং মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর জন্য ব্যবহৃত কক্ষ ০২টির সুইচবোর্ড ও বেসিন মেরামতের প্রস্তাব করেন।</p>	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী</p>
<p>(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা মাধ্যমিক পর্যায়ে ১২-১৮ বছরে শিক্ষার্থীদের মধ্যে করোনার টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। গজারিয়া উপজেলায় এ পর্যন্ত ১৬ হাজার শিক্ষার্থীর মধ্যে ১২ হাজার শিক্ষার্থীকে টিকা প্রদান করা হয়েছে। বাকী শিক্ষার্থীদের কে আজ কালকের মধ্যেই টিকার প্রদান সম্পন্ন করা হবে বলে সভাকে জানান। টিকার অভাব নেই, পর্যাপ্ত পরিমান টিকা রয়েছে বলেও সভাকে জানান। তবে ছাত্র/ছাত্রীদের কে টিকা দেওয়ার বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। "কওমি মাদ্রাসা ও কিন্ডার গার্টেন এ শিক্ষার্থীদের টিকার দেওয়ার বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি। ৭৫-৮০% নতুন বই পেয়েছি। বাকীটা এ মাসেই পেয়ে যাবে বলে সভাকে জানান। স্কাউট কার্যক্রম করোনার কারনে বন্ধ রয়েছে।</p>	<p>স্কাউট এর জন্য আলাদা বরাদ্দ দেওয়া হয় কিনা জানাবেন। না দিয়ে থাকলে পরিষদ থেকে ম্যানুয়েল অনুযায়ী দেওয়ার পদক্ষেপ নেওয়া হবে।</p> <p>টাইলস এর ব্যাপারে কাগজপত্র তৈরি করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। অনুমোদন পেলে কাজ শুরু করা হবে।</p> <p>উপজেলা পরিষদের ০৬ কাঠা জমির উপর আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন করার বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের বক্তব্যের মর্মার্থ অনুযায়ী</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</p>

বলে জানান। তাই এ কার্যক্রম ব্যাগবান করার জন্য কিছু দিন পূর্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। স্কাউট পরিচালনার জন্য আর্থিক সহযোগিতাও কামনা করেন। তাদের অফিস রুমসহ প্রশাসনিক ভবনের অন্যান্য রুমগুলো টাইলস করে দেওয়ার জন্য পূর্বে অনুরোধ করা হয়েছিল। যা পুনরায় আবার টাইলস করে দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, সরকারের প্রণীত রূপকল্প ২০২১ এর আওতায় ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নে ২০১৩ সালে মাধ্যমিক স্তরে তথ্য প্রযুক্তি শিক্ষা বাধ্যতামূলক করা হয়। সে লক্ষ্যে দেশের শিক্ষা বিভাগের মাধ্যমে তথ্য প্রযুক্তির জ্ঞান সারাদেশে ছড়িয়ে দেবার নিমিত্ত প্রথম পর্যায়ে কোরিয়ান সরকারের এক্সিম ব্যাংকের সহযোগিতায় ব্যানবেইস কর্তৃক ১২৫ টি উপজেলায় UITRCE নির্মাণ ও ল্যাব স্থাপন করা হয়েছে। এগুলোতে প্রশিক্ষন কার্যক্রম চলছে। এখন দ্বিতীয় পর্যায়ে ১৬০ টি উপজেলায় আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দক্ষিণ কোরিয়া সরকারের এক্সিম ব্যাংক কর্তৃক ৭৬.০০২ মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তায় এ প্রকল্পটি বাস্তবায়িত হবে। দ্বিতীয় পর্যায়ের ভবন নির্মাণের কাজ শীঘ্রই আরম্ভ হবে। উক্ত প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলা পরিষদ এলাকার মধ্যে ন্যূনতম ০৬ (ছয়) কাঠা জমির উপর ভিত্তিসহ (চারতলা) একটি পৃথক দ্বিতল ভবন নির্মাণ করা হবে। উক্ত ভবনে (১) ২৫ টি সর্বাধুনিক কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ একটি আইসিটি ট্রেনিং ল্যাব প্রতিষ্ঠার মাধ্যমে মাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ে সকল শিক্ষককে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। (২) ইন্টারনেট সুবিধাসহ ১০ টি কম্পিউটার সংবলিত একটি ব্রাউজিং ল্যাব সাইবার সেন্টার স্থাপন করা হবে; যার মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার স্কুল, কলেজ ও মাদ্রাসার মাধ্যমিক পর্যায়ের ছাত্র-শিক্ষক সকলেই তাদের চাহিদা মাফিক ওয়েবসাইট এ একসেস, ব্রাউজিং এবং ডাউনলোড করার সুযোগ পাবেন এবং (৩) একই সাথে নতুন ভবনে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস একমোডেশন এবং উক্ত অফিসের কার্যক্রম পরিচালিত হবে। এর ফলে তৃণমূল পর্যায়ে কম্পিউটার শিক্ষা সম্প্রসারণ এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার ই-গভর্নেন্স কার্যক্রমে নাগরিকদের Access to information (A2i) সুবিধা নিশ্চিত হবে। ব্যানবেইস কর্তৃক প্রস্তাবিত এবং কোরিয়া সরকারের আর্থিক সহায়তায় বাস্তবায়িতব্য উক্ত উপজেলা আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার ফর এডুকেশন এর জন্য উপজেলা পরিষদের কম্পাউন্ডের মধ্যে উপযুক্ত স্থানে নির্ধারনকরতঃ ন্যূনতম ৬ কাঠা (১০ ডেসিমেল, ৬৮" দৈর্ঘ্য x ৬৪" প্রস্থ) নিষ্কটক জমি প্রদানের জন্য আরক নং ৩৭.২০.২৬৪২.০০৩.১৪.০২৬.২০১৪-২ ৪৪৯/১(১৬০)

বিশেষজনিত কারনে প্রকল্পটি যাতে অন্যত্র চলে না যায় সে জন্য অবিলম্বে ০৪/০২/২০১৫ খ্রি. তারিখের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী ও প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী জনস্বার্থে নির্ধারিত স্থানে নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৬

৬


<p>; তারিখ ৩০/১২/২০১৪ তারিখে অনুরোধ করা হলে ৪/০২/২০১৫ তারিখে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিম্ন তফসিল বর্ণিত পরিষদের ৬ (ছয়) কাঠা জমি প্রস্তাবিত" উপজেলা আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার ফর এডুকেশন" এর জন্য বরাদ্দ প্রদান করা হয়। তফসিল বর্ণিত ভূমিঃ মৌজা চর সাহেবানী, খতিয়ান ৩৭০, দাগ নং আরএস-১৭৮, জমির পরিমাণ ০.০৯৯০ (৬ কাঠা)। এমতাবস্থায় UITRCE phase-11 প্রকল্পের আওতায় উল্লিখিত ভবন নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে গজারিয়া উপজেলায় নির্বাচিত ও মাটি পরীক্ষা সম্পন্ন করা স্থান ঠিকাদারী প্রতিষ্ঠান TAIHAN Consortium কে ভবন নির্মাণের লক্ষ্যে বুঝিয়ে দেওয়ার জন্য স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৯.১৯/২১৫; তারিখ : ০৭/১১/২০২১ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ এর নিকট পত্র প্রেরণ করা হয়। যদি ভবনের জন্য পূর্বে বরাদ্দকৃত জায়গা প্রদানে সমস্যা থাকে তাহলে উপজেলা পরিষদের কম্পাউন্ডে নকশা, খতিয়ান, দাগসহ নতুন জায়গা বরাদ্দ করে দ্রুত ব্যানবেইস মহাপরিচালক, অতিরিক্ত সচিব মহোদয়কে অবহিত করার নির্দেশ রয়েছে। অন্যথায় গজারিয়া উপজেলার জন্য বরাদ্দকৃত ভবন অন্যত্র বরাদ্দ প্রদান করার কথা অতিরিক্ত সচিব মহোদয় অবহিত করেছেন।</p>		
<p>(হ) জনাব সহকারী প্রোগ্রামার, সভায় জানান যে, ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ল্যাব স্থাপন করা হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</p>		
<p>(জ) উপজেলা আমার বাড়ি আমার খামার কর্মকর্তা সভায় বলেন যে, ফুলদী নদীর পশ্চিম পার্শ্বের উপজেলা মসজিদটি সদস্য সচিব হিসেবে তিনি দায়িত্ব পালন করে আসছেন। উক্ত মসজিদের ইমাম সাহেবের ০৩ মাসের বেতন বকেয়া রয়েছে। ফাভ এ টাকা না থাকায় বেতন পরিশোধ করা যাচ্ছে না। বিগত বছরের ন্যায় উপজেলা পরিষদ থেকে থোক বরাদ্দ প্রদান করার জন্য সভাকে অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের দ্বিতল ভবনের কাজটি দ্রুত করে দেওয়ার জন্য অনুরোধ করেন।</p>	<p>ফুলদী নদীর পশ্চিম পার্শ্বের উপজেলা পরিষদের মসজিদের ইমাম সাহেবের বেতন এর জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে টিআর/কাবিখা থেকে থোক বরাদ্দ দেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপজেলা আমার বাড়ি আমার খামার অফিসের দ্বিতল ভবনের কাজ শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প কর্মকর্তা</p>
<p>(ঝ) সচিব, গজারিয়া ইউনিয়ন পরিষদ, সভায় বলেন যে, তার ইউনিয়নের জন্য নিবন্ধন আইডিটা বন্ধ হয়ে গেছে। যা সচল করে দেওয়ার জন্য অনুরোধ করেন।</p>	<p>সহকারী প্রোগ্রামার কে বিষয়টি দেখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>সহকারী প্রোগ্রামার</p>
<p>(ঞ) জনাব খাদিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, যাদের বয়স ১২ বছর হয়নি অথচ ৬ষ্ঠ শ্রেণীতে পড়ে তারা কিভাবে করোনার টিকা পাবে সে বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে জানতে চান। তাছাড়া ভবেরচর লিটনের বাড়ী পার্শ্ব দিয়ে যে রাস্তাটি গেছে তার উপরে একটি বড় গাছ রয়েছে যা কেটে দেওয়ার জন্য অনুরোধ করেন।</p>	<p>প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপজেলা বন কর্মকর্তা</p>

৬

৬

	(ট) জনাব মোঃ আতাউর রহমান নেকী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, নবগত উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা কে স্বাগত জানান। প্রতিটা প্রাথমিক বিদ্যালয়ে ০১ লক্ষ টাকা করে বরাদ্দ দেওয়া হয়। যা অনুমোদন হওয়ার পরে তাদের কে অবগত করা হয় বলেও সভাকে জানান। সকল বিভাগের ওয়েবসাইট ঠিক রাখার জন্য সকলকে অনুরোধ করেন। স্থায়ী কমিটির সভাগুলো দ্রুত সময়ের মধ্যে সভা আহবান করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে আহবান করেন।	ভাইস চেয়ারম্যানের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(ঠ) জনাব মোঃ মহসিন চৌধুরী, ভারপ্রাপ্ত সভাপতি, গজারিয়া উপজেলা আওয়ামীলীগ সভায় জানান যে, ১০ ই জানুয়ারী গজারিয়া উপজেলায় দলীয়ভাবে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করেছেন। এ দিবস উপলক্ষে তারা দূর্নীতিমুক্ত দেশ, সমাজ গড়ার শপথ গ্রহণ করার আহবান করে সকলকে এবং সাধারণ জনগনকে সম্মান এর সহিত সেব প্রদান করার জন্য অনুরোধ করেন।		
	(ড) জনাব আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, প্রতিটি বিভাগকে তাদের স্থায়ী কমিটি সভাগুলো করার জন্য আহবান করেন। তাছাড়া প্রতিটি বিভাগের কর্মপরিধি সম্পর্কে উপজেলা পরিষদ কে অবগত করার জন্য গত সভায় বলা হয়েছিল শুধু উপজেলা কৃষি অফিস ছাড়া অন্য কোন বিভাগ দেয়নি বিধায় সভায় ক্ষোভ প্রকাশ করেন।	প্রতিটি কর্মপরিধি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন ও পুনরায় সকল বিভাগ কে তাগিদ দেওয়া হয়।	সকল বিভাগীয় কর্মকর্তা
০৩	আলোচ্যসূচী- ০৩ : ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প সমূহের টেন্ডার বিষয়ে আলোচনা : উপজেলা প্রকৌশলী কে ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প সমূহের টেন্ডার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।	অবিলম্বে টেন্ডার আহবানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা প্রকৌশলী
০৪	আলোচ্যসূচী-০৪ : কোভিড-১৯ সংক্রান্ত আলোচনা : কোভিড-১৯ বিস্তার রোধকল্পে সকলকে সরকার নির্দেশিত বিধি নিষেধ অনুযায়ী চলার জন্য অনুরোধ করা হয়। এবং অন্যদের কে এ বিষয়ে সচেতন করার জন্য অনুরোধ করা হয়।	সরকারী নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (আমিরুল ইসলাম)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নং- উঃজেঃপঃচেঃগজাঃ/২১-৪৬

তারিখঃ ১৬/০২/২০২২ খ্রি।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-০৩, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৬। উপজেলা(সকল) কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৭। চেয়ারম্যান,(সকল) ইউপি, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৮। অফিস কপি।


(জিয়াউল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।